Sanatan Dharma

ভৈরব উমানন্দ

কামাখ্যা দেবীর ভৈরব উমানন্দ
কামাখ্যা পর্বতের পূর্বে ও ব্রহ্মপুত্র নদের মাঝে একটি দ্বীপের ওপর উমানন্দ ভৈরব বিরাজিত আছেন। নদের মধ্যবর্তী এই পাহাড়টি কালিকা পুরাণাদির মতে এবং যোগিনী তন্ত্রে ভস্মাচল,ভস্মাকূট,ভস্মচৈল প্রভৃতি নামে আখ্যাত হয়েছে।
এই সব নামগুলির সম্বন্ধে যা জানা যায়,তা হলো-মহাদেব তাঁর নয়নাগ্নির দ্বারা এইখানে কামদেবকে ভস্ম করেছিলেন। সেজন্যই এইসব নাম হয়েছে পাহাড়টির।তারপর গিরিরাজ কন্যা উমাকে বিবাহ করার পর মহাদেব উমার প্রীতির জন্য এখানে উমানন্দ বা উমানাথ নামে বিরাজিত হয়ে আছেন। এই পাহাড়টির ওপরেই উমানন্দ শিবের মন্দির আছে।মন্দিরের মধ্যে অনাদি শিবলিঙ্গ।রূপার তৈরী বৃষভ,পঞ্চমুখ ও দশহাত বিশিষ্ট উমানন্দের প্রতিমূর্তি আছে।একে চলন্তা প্রতিমূর্তিও বলাহয়।
কামাখ্যা দেবীর ভৈরব হলেন উমানন্দ, সেজন্য উমানন্দ ভৈরব দর্শন না করলে তীর্থযাত্রায় ফললাভ হয় না।

Published on: Jun, 24 2025 12:29